

প্রয়াগ

কলকাতা। ২২ জানুয়ারি, ২০১২। ৭ মাঘ, ১৪১৮। রবিবার।

চক্ষু চিকিৎসায় অভিনব প্রযুক্তি কলকাতায়

P-11

নিজস্ব প্রতিনিধি, ২১ জানুয়ারি :
পূর্ব ভারতে এই প্রথম চক্ষু
চিকিৎসায় এক অভিনব প্রযুক্তি
আমদানি করল প্রিয়ম্বদা বিড়লা-
অরবিন্দ চক্ষু হাসপাতাল। এই
হাসপাতালে শনিবার আনুষ্ঠানিক
ভাবে একটি অত্যাধুনিক ল্যাসিক
ইউনিটের উদ্বোধন করা হয়। এই
ইউনিটে রয়েছে ওয়েব লাইট নামে
একটি অত্যাধুনিক লেজার মেশিন।
মূলত যাদের চোখে মায়োপিয়া
কিংবা হাইপার মেট্রোপিয়ার মতো
সমস্যা রয়েছে, তাদের ক্ষেত্রে এই
মেশিনের দ্বারা লেজারের মাধ্যমে
চিকিৎসা করা হবে। এই চিকিৎসার
পর অন্তত ৩-৪ দিন সামান্য
বিশ্রামই যথেষ্ট। জার্মান প্রযুক্তিতে
তৈরি এই বিশেষ চিকিৎসা চশমার
হাত থেকে এক দিকে যেমন রক্ষা

দেবে, অন্যদিকে চোখের সমস্যায়
যারা কন্ট্যাক্ট লেন্স ব্যবহার করেন
এবং সেই সংক্রান্ত বিভিন্ন সমস্যায়
ভোগেন, তারাও সারা জীবনের
মতো সেই সমস্যার হাত থেকে
রেহাই পাবেন এমনটাই জানিয়েছেন
ডাঃ অরবিন্দ শ্রীনিবাসন। তবে এই
চিকিৎসার খরচ যতটা সম্ভব
মধ্যবিত্তের নাগালের মধ্যেই রাখার
চেষ্টা করা হয়েছে। এই চিকিৎসায়
খরচ মোটামুটি ১৪ হাজার থেকে
১৫ হাজার টাকার মতো। এমনটাই
জানিয়েছেন বিড়লা কর্পোরেট
লিমিটেডের চেয়ারম্যান হর্ষবর্ধন
লোখা। শনিবার থেকে এই নতুন
ইউনিট উদ্বোধন করার মধ্য দিয়ে
বিভিন্ন জনস্বার্থকামী উদ্যোগ
নেওয়ার কথাও তুলে ধরেছেন
হর্ষবর্ধন লোখা।